# 106587 - “হজ্জ হচ্ছে আরাফা” এই বাণীর তাৎপর্য

প্রশ্ন

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী “হজ্জ হচ্ছে আরাফা” এর তাৎপর্য কী?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী: “হজ্জ হচ্ছে- আরাফা” এর অর্থ হচ্ছে- হজ্জের মধ্যে অবশ্যই আরাফাতে অবস্থান করতে হবে। যে ব্যক্তি আরাফাতে অবস্থান করতে পারেনি তার হজ্জ ছুটে গেছে। আলেমগণের সর্বসম্মতক্রিমে এই হাদিসের অর্থ এই নয় যে, যে ব্যক্তি আরাফার ময়দানে অবস্থান করেছে তার উপর হজ্জের আর কোনো কাজ নেই। যে ব্যক্তি আরাফার ময়দানে অবস্থান সম্পন্ন করেছে তার উপর হজ্জের আরো অনেক কাজ বাকী থাকে। যেমন- মুযদালিফাতে রাত্রি যাপন, তাওয়াফে যিয়ারত, সাফা-মারওয়া পাহাড়ের মাঝখানে সায়ী (প্রদক্ষিন), জমরাগুলোতে কংকর নিক্ষেপ, মীনার মাঠে রাত্রি যাপন। বরং হাদিসটির অর্থ হচ্ছে- হজ্জের মধ্যে অবশ্যই আরাফার ময়দানে অবস্থান করতে হবে। যদি কেউ অবস্থান না করে তার হজ্জ হবে না। এজন্য আলেমগণ বলে থাকেন: “যে ব্যক্তির আরাফায় অবস্থান করা ছুটে গেছে তার হজ্জ ছুটে গেছে”।